শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২২- ২৮৭

তারিখঃ ২৭ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা (কম/ বেশী) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | জিআইএস স্পেশালিস্ট<br>৳ ৩৫৫০০-৬৭০১০/=<br>(গ্রেড- ০৬) | ০১ টি | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (জিআইএস), ভূগোল, নগর ও অঞ্চল পরিকল্পনা, নগর ও গ্রাম পরিকল্পনা, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, পানি সম্পদ, সিভিল ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এর প্রযোজ্যতা অনুযায়ী, প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>২) কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা;<br>৩) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | সকল জেলা। |
| ০২ | সহকারী সচিব/ সহকারী পরিচালক (প্রশাসন)<br>৳ ২২০০০-৫৩০৬০/=<br>(গ্রেড- ০৯) | ১৫ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কলা, সামাজিক বিজ্ঞান, আইন, ব্যবসায় প্রশাসন বা বিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ০৩ | সহকারী পরিচালক (অর্থ)<br>৳ ২২০০০-৫৩০৬০/=<br>(গ্রেড- ০৯) | ০৩ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় প্রশাসন, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যাংকিং বা ব্যবস্থাপনায় প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ০৪ | সহকারী প্রকৌশলী<br>৳ ২২০০০-৫৩০৬০/=<br>(গ্রেড-০৯) | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ০৫ | অর্থনীতিবিদ<br>৳ ২২০০০-৫৩০৬০/=<br>(গ্রেড- ০৯) | ০১ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতিতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ০৬ | সহকারী প্রোগ্রামার<br>৳ ২২০০০-৫৩০৬০/=<br>(গ্রেড-০৯) | ০১ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার প্রকৌশল বা ইনফরমেশন এবং কমিউনিকেশন টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>২) কোন স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য;<br>৩) কম্পিউটার প্রোগ্রামিং এর স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ; এবং<br>৪) কম্পিউটার সিস্টেম এনালাইসিসে দক্ষতা। | |
| ০৭ | উপ-সহকারী প্রকৌশলী<br>৳ ১৬০০০-৩৮৬৪০/=<br>(গ্রেড-১০) | ৩৪ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সিভিল ইঞ্জিনিয়ারিং এ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ০৮ | সহকারী হিসাবরক্ষক<br>৳ ১১০০০-২৬৫৯০/=<br>(গ্রেড- ১৩) | ০৩ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৯ | ওয়্যারলেস টেকনিশিয়ান/ ওয়্যারলেস মেকানিক<br>৳ ১০২০০-২৪৬৮০/=<br>(গ্রেড- ১৪) | ০৪ টি | অনূর্ধ্ব ৪০ বৎসর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>২) সরকারি বা স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান, টেলিফোন সংস্থা, মোবাইল ফোন অপারেটরে সলিড স্টেট ট্রান্সমিটার ও রিসিভার মেরামত সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১০ | তত্ত্বাবধায়ক (সম্পত্তি)<br>৳ ১০২০০-২৪৬৮০/=<br>(গ্রেড- ১৪) | ০১ টি | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ইমারত বা সম্পত্তি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। | |
| ১১ | লাইন নির্মাণ পরিদর্শক/ লাইন নির্মাণ ইন্সপেক্টর<br>৳ ৯৭০০-২৩৪৯০/=<br>(গ্রেড- ১৫) | ০৯ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স বা ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) পাশ।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি বিল্ডিং মেইনটেন্যান্স, সিভিল কনস্ট্রাকশন, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস বা ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) সহ অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১২ | ওয়্যারলেস অপারেটর<br>৳ ৯৩০০-২২৪৯০/=<br>(গ্রেড- ১৬) | ০৩ টি | অনূর্ধ্ব ৪০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি), জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সলিড স্টেট ট্রান্সমিটার ও রিসিভার পরিচালনায় অন্যূন ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | (ক) ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোনা, চাঁদপুর, রাঙ্গামাটি, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নাটোর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলা। তবে,<br>(খ) সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। |
| ১৩ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী<br>৳ ৯৩০০-২২৪৯০/=<br>(গ্রেড- ১৬) | ০৪ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>২) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>৩) প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে গতি ২০ শব্দ থাকতে হবে। | |
| ১৪ | ডাটা এন্ট্রি অপারেটর<br>৳ ৯৩০০-২২৪৯০/=<br>(গ্রেড- ১৬) | ০২ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>২) ডাটা এন্ট্রি বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ। | |
| ১৫ | ভেহিক্যাল মেকানিক<br>৳ ৯৩০০-২২৪৯০/=<br>(গ্রেড- ১৬) | ০১ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি), জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে মোটর ইঞ্জিন মেরামত ও রক্ষণাবেক্ষণে অন্যূন ১৫ (পনের) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>২) স্বনামধন্য কোন ওয়ার্কশপে মোটর ইঞ্জিন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৬ | জেনারেটর অপারেটর<br>৳ ৯৩০০-২২৪৯০/=<br>(গ্রেড-১৬) | ০১ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি অটোমোবাইল বা ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ।<br>অথবা<br>১) কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি অটোমোটিভ, ফার্ম মেশিনারি, জেনারেল মেকানিক্স, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস বা ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৭ | ইকুইপমেন্ট মেকানিক<br>৳ ৯৩০০-২২৪৯০/=<br>(গ্রেড- ১৬) | ০১ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স, ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন বা মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ;<br>অথবা<br>১) কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স, জেনারেল ইলেকট্রনিক্স, অডিও ভিডিও সিস্টেম, জেনারেল মেকানিক্স বা মেশিন টুলস্ অপারেশন ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৮ | স্টোর হেলপার<br>৳ ৮২৫০-২০০১০/=<br>(গ্রেড-২০) | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>২) পণ্যাগার রক্ষণাবেক্ষণ, মালামাল প্রদান ও গ্রহণ, ইত্যাদি কাজে বাস্তব অভিজ্ঞতা। | (ক) নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়ীয়া, ফেনী, লক্ষ্মীপুর, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠী ও হবিগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা। তবে,<br>(খ) সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী:**

০১। Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৫-০৯-২০২২ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে।

০২। ০৬-১০-২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

০৩। ১৮ বৎসরের কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

০৫। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে হলে Online-এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৭। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

০৮। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৯। মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় অনুযায়ী বাপবিবো'র সমাপ্ত প্রকল্পের যে সকল কর্মকর্তা/ কর্মচারী প্রকল্পের শেষ দিন পর্যন্ত সন্তোষজনকভাবে কর্মে নিয়োজিত ছিলেন তারা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংগ্রহ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে তারা আইন অনুযায়ী বয়স শিথিলকরণ সুবিধা পাবেন।

১০। মহামান্য আদালতের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক পদ সংরক্ষণ করা হয়েছে।

১১। আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। বাপবিবো কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। প্রার্থীদের লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১৪। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। চাহিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১৭। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**১৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://brebr.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৫-০৯-২০২২ খ্রি., সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০৬-১০-২০২২ খ্রি., বিকাল ৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীর একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ০১ থেকে ০৮ এ উল্লিখিত পদের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং- ০৯ থেকে ১৮ এ বর্ণিত পদের জন্য ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : BREBR <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : BREBR ABCDEF
Reply : Applicant's Name, Tk .............. will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BREBR <space> Yes <space> PIN and send to 16222.
দ্বিতীয় SMS : BREBR <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : BREBR YES 12345678
Reply : *Congratulations Applicant's Name, payment completed successfully for BREBR Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).*

চ) পরীক্ষার সময়সূচী ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর মোবাইল ফোনে SMS এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েবসাইট www.reb.gov.bd এ নোটিশের মাধ্যমে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে : BREBR <space> Help <space> User <space> User ID & send to 16222.
Example : BREBR Help User ABCDEF & send to 16222.

ii) PIN Number জানা থাকলে : BREBR <space> Help <space> PIN <space> PIN No & send to 16222.
Example : BREBR Help PIN 12345678 & send to 16222.

ঝ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

*ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified*
www.reb.gov.bd

পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

**বাপবিবো/জন ( ) ২০২২-২০২৩**